# সিটির বিদ্যুৎ বিষয়ক কর্মসূচির স্বয়ংক্রিয় নথিভুক্তির বিজ্ঞপ্তি

28 এপ্রিল 2026

**<u>আপনার বিদ্যুৎ অ্যাকাউন্টটি Cambridge Community Electricity-তে স্বয়ংক্রিয়ভাবে নথিভুক্ত হওয়ার জন্য যোগ্য</u>**, যা আমাদের সিটির গ্রুপ ভিত্তিক বিদ্যুৎ ক্রয়ের কর্মসূচি। আপনার বিদ্যুৎ অ্যাকাউন্টের নম্বরটি সংযুক্ত রিপ্লাই কার্ডে পাওয়া যাবে।

Cambridge Community Electricity-তে অংশগ্রহণ করার মানে হলো:

- আপনার Eversource বিদ্যুৎ বিলের ক্ষেত্রে বিদ্যুৎ সরবরাহের মূল্য পরিবর্তিত হয়ে **14.48 ¢/kWh**হবে, যা Eversource-এর বর্তমান আবাসিক ও ক্ষুদ্র ব্যবসার বিদ্যুৎ সরবরাহের মূল্যের তুলনায় **কম**।
  *Eversource-এর মূল্য পরিবর্তনশীল এবং ভবিষ্যতের মূল্য সম্পর্কে জানা নেই, তাই Eversource-এর সাথে তুলনা করে ভবিষ্যতের সঞ্চয় নিশ্চিত করা যাবে না।*
- আপনার নতুন মূল্য অপরিবর্তীত এবং তা **জানুয়ারি 2029** পর্যন্ত স্থিতিশীল থাকবে।
- আপনি একজন Eversource গ্রাহক হিসেবেই থাকবেন এবং Eversource আপনাকে বিদ্যুৎ সরবরাহ করা ও বিদ্যুৎ বিল পাঠানো চালিয়ে যাবে।
- আপনি নতুন নবায়নযোগ্য জ্বালানি প্রকল্পসমূহে সরাসরি সহায়তা করবেন। অপর পৃষ্ঠায় আরো বিস্তারিত দেখুন।

আপনার বিদ্যুৎ সরবরাহের নতুন মূল্য:
**14.48 ¢/kWh**

পরিষেবা বাতিলের সময়সীমা:
**1 জুন 2026**

গ্রাহক পরিষেবা:
**844-379-9934**

আরো তথ্য/স্ব-পরিষেবা:
**CambridgeMA.gov/enrollCCE**

## এটি আপনার সিদ্ধান্ত। আপনার জন্য যেটি সঠিক, সেটি বেছে নিন।

▶ **<u>আপনি যদি অংশগ্রহণ করতে চান</u>: কিছুই করতে হবে না।** আপনি স্বয়ংক্রিয়ভাবে Standard Green-এর 14.48 ¢/kWh-এ নথিভুক্ত হবেন। Standard Green আপনার বিদ্যুতের 75% নতুন নবায়নযোগ্য জ্বালানির উৎস থেকে প্রদান করে।

▶ **<u>আপনি যদি আপনার কর্মসূচির বিকল্প অপশন পরিবর্তন করতে চান</u>:** 100% Green বেছে নিন যাতে আপনি আপনার বিদ্যুতের 100% নতুন নবায়নযোগ্য উৎস থেকে জ্বালানি পেতে পারেন। কর্মসূচির সর্বনিম্ন মূল্যের জন্য Economy বেছে নিন।

| 14.90 ¢/kWh | 14.48 ¢/kWh | 13.77 ¢/kWh |
|---|---|---|
| 100% GREEN | STANDARD GREEN | ECONOMY |
| নতুন নবায়নযোগ্য উৎস থেকে 100% | নতুন নবায়নযোগ্য উৎস থেকে 75% | কর্মসূচির সর্বনিম্ন মূল্য |
| বিকল্প | স্বয়ংক্রিয়ভাবে নথিভুক্তি | বিকল্প |

**2029 সালের** জানুয়ারি পর্যন্ত Cambridge Community Electricity-এর মূল্য অপরিবর্তিত থাকবে। অপর পৃষ্ঠায় Eversource-এর মূল্য দেখুন।

▶ **<u>আপনি যদি অংশগ্রহণ করতে না চান</u>:** অংশগ্রহণ করার বিষয়টি আবশ্যক নয়। Cambridge Community Electricity-এর পরিষেবা বাতিল করার জন্য কোনো ধরনের ফি বা জরিমানা দিতে হবে না এবং আপনি যেকোনো সময় এটি বাতিল করতে পারবেন। স্বয়ংক্রিয়ভাবে নথিভুক্তি হওয়া এড়ানোর জন্য **1 জুন 2026** তারিখের মধ্যে আপনাকে নিজের পরিষেবা বাতিল সংক্রান্ত অনুরোধ জমা দিতে হবে। অথবা ভবিষ্যতে আপনি কর্মসূচিটি ব্যবহার করে দেখতে পারেন এবং তা বাতিল করতে পারেন।

**ভিন্ন কর্মসূচি বেছে নিতে বা বাতিল করতে, CambridgeMA.gov/enrollCCE দেখুন অথবা 844-379-9934 নম্বরে যোগাযোগ করে সিটি কর্মসূচির পরামর্শদাতার সহায়তা নিন।**

## Eversource যে মূল্যে বিদ্যুৎ সরবরাহ করে তার সাথে Cambridge Community Electricity-এর পরিষেবার মূল্য তুলনা করুন:

| | | স্বয়ংক্রিয়ভাবে নথিভুক্তি ▼ | | আপনা যদি পরিষবিো বাতলি করনে ▼ |
|---|---|---|---|---|
| **Cambridge Community Electricity-এর মূল্য** | 100% GREEN | STANDARD GREEN | ECONOMY | EVERSOURCE BASIC SERVICE |
| **মূল্য** | **14.90 ¢/kWh** | **14.48 ¢/kWh** | **13.77 ¢/kWh** | **15.629 ¢/kWh** – আবাসিক<br>**15.030 ¢/kWh** – ক্ষুদ্র ব্যবসা<br>**12.541 ¢/kWh** – মাঝারি ও বৃহৎ ব্যবসা |
| **মূল্যের সময়কাল** | নথিভুক্তি – জানুয়ারি 2029 | নথিভুক্তি – জানুয়ারি 2029 | নথিভুক্তি – জানুয়ারি 2029 | আবাসিক ও ক্ষুদ্র ব্যবসার জন্য 1 ফেব্রুয়ারি – 31 জুলাই 2026 পর্যন্ত।<br>মাঝারি ও বৃহৎ ব্যবসার জন্য 1 মে – 31 জুলাই 2026 পর্যন্ত। |
| **নতুন নবায়নযোগ্য উৎস থেকে বিদ্যুৎ (মোট %)*** | | | | |
| Cambridge কর্তৃক যোগ করা ** | 70% | 45% | – | – |
| স্টেট আইন অনুযায়ী আবশ্যক (MA Class I RECs) | 30% | 30% | 30% | 30% |
| **নতুন নবায়নযোগ্য উৎস থেকে মোট** | **100%** | **75%** | **30%** | **30%** |

* টেবিলে দেখানো নতুন নবায়নযোগ্য জ্বালানি কেনার পাশাপাশি, কর্মসূচির বিদ্যুৎ সরবরাহকারীকে স্টেটের আইন অনুযায়ী অন্যান্য পরিচ্ছন্ন (কার্বন নিঃসরণ করে না এমন) বা নবায়নযোগ্য উৎস থেকে নবায়নযোগ্য জ্বালানির সনদ (RECs) কিনতে হবে। এই ক্রয়টি অবশ্যই অংশগ্রহণকারীদের বিদ্যুৎ ব্যবহারের 39%-এর সাথে মিল রেখে হতে হবে।

** এইসব REC নিউ ইংল্যান্ডের বাইরে দুটি নবায়নযোগ্য জ্বালানির প্রকল্প থেকে ক্রয় করা হবে যেগুলি সরাসরি কর্মসূচিটির মাধ্যমে সহায়তা করা হয়।

## অতিরিক্ত তথ্য:

- **Direct Energy Services, LLC ("Direct Energy")-ই হবে আপনার বিদ্যুৎ সরবরাহকারী।** আপনার বিলে আপনি "Cambridge Comm Elec Direct Energy"-এর নাম দেখতে পাবেন। তবে বিদ্যুতের জন্য মূল সম্পর্ক থাকবে Eversource-এর সাথেই এবং আপনার বিদ্যুৎ চলে গেলে আপনি তাদেরকে কল করা চালিয়ে যাবেন। Eversource আপনাকে বিদ্যুৎ বিল পাঠানো চালিয়ে যাবেন এবং কর্মসূচির একজন অংশগ্রহণকারী হিসেবে এটিই একমাত্র বিদ্যুৎ বিল যেটি আপনি পাবেন।
- **কর্মসূচির সকল অংশগ্রহণকারী নতুন নবায়নযোগ্য জ্বালানির প্রকল্পসমূহে সরাসরি সহায়তা করবেন।** সকল অংশগ্রহণকারী Cambridge-এর Graham and Parks Elementary School-এর একটি স্থানীয় সৌর প্রকল্পের উন্নয়নে সহায়তা করেছেন। এছাড়াও, সিটি প্রতিশ্রুতিবদ্ধ যে Standard Green এবং 100%Green অপশনের অংশগ্রহণকারীদের জন্য Illinois-এ একটি নতুন সৌর প্রকল্প এবং North Dakota-এর একটি নতুন বায়ু বিদ্যুৎ প্রকল্প থেকে বিদ্যুৎ ক্রয় করবে। এই প্রতিশ্রুতিই এইসব প্রকল্প নির্মাণের সুযোগ করে দিয়েছে। কেননা এইসব প্রকল্প এমন বৈদ্যুতিক গ্রিডে অবস্থিত যেখানে বিদ্যুৎ উৎপাদন করার সময় নিউ ইংল্যান্ডের তুলনায় বেশি কার্বন নিঃসরণ করে, তাই এই পরিচ্ছন্ন প্রকল্পগুলো নিউ ইংল্যান্ডের অনুরূপ প্রকল্পের তুলনায় অনেক বেশি কার্বন নিঃসরণ রোধ করে।
- **আপনি যদি স্বল্প আয়ের জন্য ছাড় বা জ্বালানি সহায়তা পাওয়ার জন্য যোগ্য হন, তাহলে** Cambridge Community Electricity-তে সেইসব সুবিধা অব্যাহত থাকবে।
- **আপনার প্রপার্টিতে যদি সোলার প্যানেল থাকে অথবা আপনি যদি কমিউনিটি সোলার প্রোগ্রামে অংশগ্রহণ করেন,** তাহলে আপনি সোলার ক্রেডিট এবং/বা সোলার ইনসেন্টিভ পেমেন্ট পেতে থাকবেন এবং Cambridge Community Electricity কর্মসূচিতে অংশগ্রহণ করার ফলে তাদের গণনা করার পদ্ধতিতে পরিবর্তন আনবে না।
- **আপনি যদি এই বিজ্ঞপ্তিটি পেয়ে থাকেন এবং বিদ্যুৎ সরবরাহকারীর সাথে একটি চুক্তিতে স্বাক্ষর করেন, তাহলে,** আপনি হয়তো এই মেইলিং তালিকা তৈরি হওয়ার পর আপনার চুক্তিতে স্বাক্ষর করেছেন। আপনার পছন্দের সরবরাহকারীর কাছ থেকে বিদ্যুৎ সরবরাহ চালিয়ে যেতে এবং সেই সরবরাহকারীর কাছ থেকে কোনো ধরনের প্রাথমিক সমাপ্তি ফি বন্ধ করতে আপনাকে অবশ্যই Cambridge Community Electricity কর্মসূচিতে সম্পৃক্ত থাকা থেকে বিরত থাকতে হবে।
- **আপনার যদি কর-মুক্ত অ্যাকাউন্ট থাকে,** তাহলে আপনি Direct Energy-তে উপযুক্ত কর-মুক্ত ডকুমেন্টেশন প্রদানের মাধ্যমে যেকোনো কর সংগ্রহ থেকে অব্যাহতি পাওয়ার অনুরোধ করার জন্য দায়বদ্ধ থাকবেন। আরো জানতে, CambridgeMA.gov/enrollCCE দেখুন।
- **স্বয়ংক্রিয় নথিভুক্তির মডেলটি স্টেটের আইন অনুযায়ী পরিচালিত হয়।** Massachusetts-এর 200 টিরও বেশি শহর ও নগরে অনুরূপ কর্মসূচি রয়েছে, যার সবকটি একই পদ্ধতিতে পরিচালনা করা হয়। তবে, অংশগ্রহণ করার বিষয়টি আপনার জন্য বাধ্যতামূলক নয়। কোনো ফি বা জরিমানা ছাড়াই আপনি যেকোনো সময় তা বাতিল করতে পারেন।

# অপ্ট-আউট বা পরিষেবা বাতিল সংক্রান্ত রিপ্লাই কার্ড

**আপনি Cambridge Community Electricity-তে অংশগ্রহণ করতে না চাইলে, নিচে স্বাক্ষর করুন।**

X ______________________________________________

**স্বাক্ষর** **তারিখ**

## পরিষেবা বাতিলের নির্দেশনা

কোনো পদক্ষেপ না নেওয়া হলে, আপনাকে স্বয়ংক্রিয়ভাবে Cambridge Community Electricity-তে নথিভুক্ত করা হবে।

আপনি অংশগ্রহণ করতে না চাইলে, আপনাকে অবশ্যই পরিষেবা বাতিল করতে হবে।

ডাকযোগে পরিষেবা বাতিল করতে:

1. এই কার্ডে স্বাক্ষর করুন এবং তারিখ দিন।
2. কার্ডটি সংযুক্ত খামের ভিতরে রেখে ডাকযোগে পাঠান।

এই কার্ডের ঠিকানায় যে রেকর্ডকৃত গ্রাহকের নাম দেখা যাচ্ছে অবশ্যই সেই ব্যক্তি কর্তৃক কার্ডটি স্বাক্ষরিত হতে হবে। এছাড়াও আপনি **CambridgeMA.gov/enrollCCE**-এ অনলাইনে বা **844-379-9934** নম্বরে কল করে পরিষেবা বাতিল করতে পারেন।

স্বয়ংক্রিয়ভাবে নথিভুক্ত হওয়ার আগেই কর্মসূচির অংশগ্রহণ বাতিল করার জন্য আপনাকে অবশ্যই **1 জুন 2026** তারিখের মধ্যে বাতিল করার অনুরোধ পাঠাতে হবে অথবা খামটির উপর পোস্টমার্ক (ডাকঘরের সিল) থাকতে হবে। আপনি অংশগ্রহণ করতে চাইলে, ভবিষ্যতে কোনো ফি বা জরিমানা ছাড়াই আপনি যেকোনো সময় অংশগ্রহণ বাতিল করতে পারেন।